

ঢাকা ওয়াসা

- ১। ২০২৬-২৭ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ২। পূর্ব অনুমোদিত দরের কপি ও
 ৩। প্রাক্কলন।

বিষয়ঃ "Repairing and Maintenance of Sluice Valve in Delivery Line Leakage and Sanitary Works at Mujahidnagar & Middle Mohammadbag Pump Compound under MODS Zone-7, Dhaka WASA." কাজের অনুমোদন প্রসঙ্গে।

০১। অনুগ্রহ পূর্বক অনুচ্ছেদ ১ থেকে ৩ দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মডস জোন-৭ এর আওতাধীন মুজাহিদনগর ও মধ্য মোহাম্মাদবাগ পানির পাম্পের ডেলিভারি লাইনের স্লুইস ভাল্ভের স্পিডল, গ্যাস্কেট ইত্যাদি মেরামত করা প্রয়োজন। মুজাহিদনগর ও মধ্য মোহাম্মাদবাগ এলাকায় পানির চাহিদা অনুসারে (রেশনিং এর মাধ্যমে) স্লুইস ভাল্ভ অপারেট করে এলাকাবাসীর চাহিদা মোতাবেক পানি সরবরাহ ও সেবা প্রদান করা হয়। সম্প্রতি মুজাহিদনগর পানির পাম্পের উত্তর ও মধ্য মোহাম্মাদবাগ পানির পাম্পের ডেলিভারি লাইনের দক্ষিণ পাশের এলাকাটি তুলনামূলক উচ্চ থাকায় এলাকায় তীব্র পানি সংকট দেখা দেয়। এছাড়া, মুজাহিদনগর ও মধ্য মোহাম্মাদবাগ পানির পাম্পের সামনে ডেলিভারি লাইনের স্লুইস ভাল্ভের ডিস্ক ডিসপ্লেসমেন্ট হয়ে পানি সরবরাহ বন্ধ হয়ে যায়। তাই জরুরী ভিত্তিতে স্লুইস ভাল্ভ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সমূহ করা প্রয়োজন।

০২। আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার অনুমোদিত রোট শিডিউল ও পি.ডব্লিউ.ডি রোট শিডিউল এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যেখানে, প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,৬৯১.৬১৮ (উনপঞ্চাশ হাজার ছয়শত একানব্বই দশমিক ছয় এক আট) টাকা মাত্র (সংযুক্তি: ৩ প্রাক্কলন)।

আলোচ্য কাজটি ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার বাজেটের পরিচালন ব্যয় খাতের পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত নং ১৫ (কোডঃ ০১-০৪-০০১) এর ক্রমিক নং ৬৪ হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে এবং কাজটি পি.পি.আর-২০২৫ এর ৯৯(১) (ড) বিধি অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় "মেসার্স হাওলাদার এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ ও ২ বর্ণনানুযায়ী "Repairing and Maintenance of Sluice Valve in Delivery Line Leakage and Sanitary Works at Mujahidnagar & Middle Mohammadbag Pump Compound under MODS Zone-7, Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত প্রাক্কলন ৪৯,৬৯১.৬১৮ (উনপঞ্চাশ হাজার ছয়শত একানব্বই দশমিক ছয় এক আট) টাকা মাত্র এর সদয় অনুমোদন।

খ) ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার বাজেটের পরিচালন ব্যয় খাতের "পানির লাইন রক্ষণাবেক্ষণ" খাত হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) পি.পি.আর-২০২৫ এর ৯৯(১) (ড) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় "মেসার্স হাওলাদার এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন।

উল্লেখ্য যে, আলোচ্য কাজটি অনুমোদনের আর্থিক ক্ষমতা হলেন প্রধান প্রকৌশলী মহোদয়, ঢাকা ওয়াসা।

Mister
25.08.26
Md. Mister Alam
Sub-Assistant Engineer
MODS Zone-7
Dhaka WASA.

Abd
25.08.26
Abdur Rashid Ripon
Assistant Engineer
MODS Zone-7, Dhaka WASA.

09/07
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৭, ঢাকা ওয়াসা।

SE, MODS Zone-1.

08/07/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

14.09.2026
আলমদীর্ঘ হাফিজ আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE MODS-1